



হরগজ ইউনিয়ন পরিষদ কার্যালয়

কঘর: হরগজ-১৮১০, উপজেলাঃ-সাটুরিয়া, জেলাঃ-মানিকগঞ্জ।

web: hargajup.manikganj.gov.bd

mail: horgojupchairman@gmail.com

মোবাইল নং-০১৭১৫-৩৮৬২৯১

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নংঃ হরগজ ইউপি/সাটু/মানিক-৭৯ /২০২৩ইং

তারিখঃ ২৭/০৮/২০২৩ ইং।

বরাবর,

উপজেলা নির্বাহী অফিসার

সাটুরিয়া, মানিকগঞ্জ।

বিষয়ঃ হরগজ ইউনিয়ন পরিষদের আগষ্ট/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

জনাব

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হরগজ ইউনিয়ন পরিষদেও আগষ্ট/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী প্রস্তুত পূর্বক মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।





২৭/৮/২০২৩

মোঃ আনোয়ার হোসেন খান

চেয়ারম্যান

৬নং হরগজ ইউনিয়ন পরিষদ

সাটুরিয়া, মানিকগঞ্জ।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
৬নং হরগজ ইউনিয়ন পরিষদ
পোঃ হরগজ, উপজেলাঃ সাটুরিয়া, জেলাঃ মানিকগঞ্জ।

হরগজ ইউনিয়ন পরিষদের আগষ্ট/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভার তারিখ : ২৭-০৮-২০২৩ইং।

সময় : সকাল ১০.০০ ঘটিকা

স্থান : হরগজ ইউপি কার্যালয়।

সভাপতি : জনাব মোঃ আনোয়ার হোসেন খান

চেয়ারম্যান, হরগজ ইউনিয়ন পরিষদ।

সভা পরিচালনাকারী: জনাব মোঃ ফারুক হোসেন, সচিব, হরগজ ইউনিয়ন পরিষদ।

সভায় হাজিরা পরিশিষ্ট 'ক' দৃষ্টব্য

সভায় সভাপতি সাহেব সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতি ইউপি সচিব কে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। অতঃপর সভাপতির অনুরোধক্রমে ইউপি সচিব সভায় উপস্থিত সকল সদস্যদের কে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রথমেই ২৫ শে জুলাই/ ২০২৩ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন এবং আর কোন সংশোধনী আছে কিনা জানতে চাওয়া হয়। কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্য বিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। সভার আলোচ্য বিষয়াদি এবং গৃহিত সিদ্ধান্তসমূহ নিম্নে উপস্থাপন করা হলো।

ক্র/নং	আলোচ্যসূচী	দপ্তর ওয়ারী আলোচনা	গৃহিত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভায় বিগত ২৫ শে জুলাই/ ২০২৩ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন এবং আর কোন সংশোধনী আছে কিনা জানতে চাওয়া হয়। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।	সভায় বিগত ২৫ শে জুলাই/২০২৩ মাসের সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্য বিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।	চেয়ারম্যান, হরগজ ইউনিয়ন পরিষদ।
২	টিসিবি, র সকল কাডধারীদের ওয়াড ভিত্তিক তথ্য প্রেরন প্রসঙ্গে আলোচনা।	সভাপতি সাহেব, অধ্যকার সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, ৬নং হরগজ ইউনিয়ন পরিষদের আওতায় ২০২৩-২০২৪ ইং অর্থ বছরে আগষ্ট/ ২০২৩ মাসের ৫১২ টি টিসিবি, র সকল কাডধারীদের ওয়াড ভিত্তিক তথ্য প্রেরন প্রসঙ্গে। এ বিষয়ে উপস্থিত সদস্য ও সদস্যদের মধ্যে বিস্তারিত আলাপ আলোচনা করা হয়।	উল্লেখিত বিষয়ে বিস্তারিত আলাপ আলোচনা করে নিয়ম অনুযায়ী ২ কেজি মসুর ডাল, এবং ২ লিটার তৈল ও ০৫ কেজী চাওল বিতরণ এর সিদ্ধান্ত গৃহিত হয়।	চেয়ারম্যান, হরগজ ইউনিয়ন পরিষদ।
৩	ট্যাক্স আদায়ঃ	সভাপতি সাহেব, অধ্যকার সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, ৬নং হরগজ ইউনিয়ন পরিষদের আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরে প্রায় ২৫% ট্যাক্স উত্তোলন করা হয়েছে ট্যাক্স কার্যক্রম চলমান আছে বাকি ৭৫% ট্যাক্স ২০২৩-২০২৪ অর্থ বছরে যেন উঠে আসে এবং কি কিছু বকেয়া পরে আছে সরকারের নির্দেশনা অনুযায়ী অবশ্যই বকেয়া ট্যাক্স আদায় করে হালনাগাদ করতে হবে। এ বিষয়ে উপস্থিত সদস্য ও সদস্যদের মধ্যে বিস্তারিত আলাপ আলোচনা করা হয়।	সিদ্ধান্তঃ উল্লেখিত বিষয়ে বিস্তারিত আলাপ আলোচনা করে দ্রুত বকেয়া ট্যাক্স আদায়ের সিদ্ধান্ত গৃহিত হয়।	চেয়ারম্যান, হরগজ ইউনিয়ন পরিষদ।

২৭/০৮/২০২৩
মোঃ আনোয়ার হোসেন খান
চেয়ারম্যান
৬ নং হরগজ ইউনিয়ন পরিষদ
সাটুরিয়া, মানিকগঞ্জ

<p>জন্ম/মৃত্যু নিবন্ধন</p>	<p>সভাপতি সাহেব, অদ্যকার সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, ৬নং হরগজ ইউনিয়ন পরিষদের আওতায় জন্ম/মৃত্যু নিবন্ধন ০-১ বছরের শিশুর জন্ম/মৃত্যু নিবন্ধন অবসাহি করতে হবে। হরগজ ইউনিয়ন পরিষদের প্রতি মাসে জন্ম নিবন্ধন ২১টি এবং মৃত্যু নিবন্ধন ০৫ টি ট্যাগেট দেওয়া আছে। জন্ম/মৃত্যু নিবন্ধনের জন্য প্রতিটি ওয়ার্ডে মাইকিং করে ঢাক ঢোল পিটিয়ে এবং কি শুভেচ্ছা বার্তা দিয়ে আমন্ত্রন জানাতে হবে। এ বিষয়ে উপস্থিত সদস্য ও সদস্যাদের মধ্যে বিস্তারিত আলাপ আলোচনা করা হয়।</p>	<p>উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলাপ আলোচনা করে দ্রুত পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।</p>	<p>চেয়ারম্যান, ইউপি সদস্য ও সকল বিভাগের কর্মকর্তা ও কর্মচারী।</p>
<p>৫ বিবিধ</p>	<p>বিদ্যালয় পরিচালনা কমিটির সদস্য জনাব শফিকুল ইসলাম বলেন যে, শিক্ষার গুণগত মান সন্তোষজনক নহে। শিক্ষার মান বৃদ্ধির লক্ষ্যে সকলকে সার্বিক সহযোগী কামনা করেন।</p>	<p>শিক্ষার মান বৃদ্ধির লক্ষ্যে প্রত্যেক বিদ্যালয় পরিদর্শন করা এবং শিক্ষকদের নিয়ে আলোচনা করা করার সিদ্ধান্ত গৃহিত হয়।</p>	<p>চেয়ারম্যান, হরগজ ইউনিয়ন পরিষদ, শিক্ষা অফিস, সাটুরিয়া।</p>

অন্তঃপর আর কোন আলোচনা না করে সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ দিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

(Handwritten signature)

জনাব মোঃ আনোয়ার হোসেন খান 29/11/2026
 চেয়ারম্যান, হরগজ ইউনিয়ন পরিষদ
 সাটুরিয়া, মানিকগঞ্জ